**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 23-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Rojgar Mela:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৭১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করবেন। এ উপলক্ষে সমাবেশে বক্তব্যও রাখবেন তিনি। এ উপলক্ষে সারাদেশে ৪৫টি স্থানে রোজগার মেলা অনুষ্ঠিত হবে। ত্রিপুরায় এই রোজগার মেলা হবে শালবাগান বি এস এফ সদর দপ্তরে । কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক ও বিভাগের জন্য নিয়োগপত্র দেওয়া হবে। কর্মসংস্থান সৃষ্টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার জন্য প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি পূরণের পথে এই রোজগার মেলা তরুণদের দেশ গঠন এবং আত্ম ক্ষমতায়নে অংশগ্রহণের জন্য সুযোগ প্রদান করবে।

*************************

**Co-operative, Amit Shah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ বলেছেন, ভারতবর্ষ ২০২৭ সালের মধ্যে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনৈতিক শক্তি হয়ে উঠবে। সেই লক্ষ্য পুরনে সমবায়গুলিরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে । শ্রী শাহ গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমবায় দপ্তর আয়োজিত সমবায় সম্মেলনে ভাষণ দিচ্ছিলেন। সম্মেলনে তিনি রাজ্যের জন্য বেশ কিছু প্রকল্পের সূচনা করেন। সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, সাংসদ বিপ্লব কুমার দেব সহ অন্যান্যরা । মন্ত্রী শ্রী শাহ ত্রিপুরায় সমবায় দপ্তরের কার্যকলাপে প্রশংসা করে বলেন, ত্রিপুরায় ৩ হাজার ১৩৮টি সমবায় সংস্থা কাজ করছে। তিনি মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক

সাহার প্রশংসা করে বলেন তাঁর নেতৃত্বে সমবায়ের ৫৭ টির মধ্যে ৪৭টি প্রকল্প ইতিমধ্যেই বাস্তবায়িত  হয়েছে।

মন্ত্রী শ্রী শাহ বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র  মোদী 'সহকারিতা সে সমৃদ্ধির' যে আহ্বান জানিয়েছেন সেই লক্ষ্য নিয়েই সমবায়কে আরও শক্তিশালী করতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। এর মাধ্যমে আরও রোজগারের ব্যবস্থা করাই সরকারের লক্ষ্য।

মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরায় বর্তমানে অভ্যন্তরীণ গড় উৎপাদন বৃদ্ধি পেয়ে হয়েছে ৮৯ শতাংশ। মুখ্যমন্ত্রী জানান রাজ্য সরকার আরও ২১৯টি নতুন সমবায় সমিতি ও ৭৪১টি প্যাকস তৈরীর উদ্যোগ নিয়েছে।

সম্মেলনে কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ ন্যাশানাল কো-অপারেটিভ কনজিউমারস ফেডারেশন প্রদত্ত ভারত ব্র্যান্ডের মোবাইল ভ্যান, নাবার্ড প্রদত্ত রুরাল মার্টের মোবাইল ভ্যানের সূচনা করেন। তাছাড়া ৫০টি প্রাথমিক সমবায় সমিতিকে মাইক্রো এটিএম বিতরন করেন।

*************************

**PETROLEUM AGENCY:**

স্বরাষ্ট্র মন্ত্রী অমিত সাহা আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবন থেকে গতকাল ভার্চুয়ালভাবে উদয়পুরে আইতরমা পেট্রোলিয়াম এজেন্সির দ্বারোদ্ঘাটন করেন। উদয়পুর ছনবন এলাকায় ভারত সরকার ও এইচ পি সি এল এর যৌথ উদ্যোগে আয়োজিত এই উদ্বোধনী অনুষ্ঠানে ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রাম প্রসাদ পাল  প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি বলেন, রাজ্যে এই প্রথম সরকারি উদ্যোগে পেট্রোল পাম্প চালু হচ্ছে । রাজ্যে এরকম ২০টি পেট্রোল পাম্প গড়ে তোলা হবে ।

*************************

**PM, Kuwait:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে কুয়েত তার সর্বোচ্চ সম্মান, অর্ডার অফ মোবারক আল কাবীর প্রদান করেছে। বিদেশ মন্ত্রক জানিয়েছে, এর আগে প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন ও জর্জ বুশ এবং যুক্তরাজ্যের প্রিন্স চার্লসের মতো বিদেশি নেতাদের এই পুরস্কার দেওয়া হয়েছে।মন্ত্রক জানিয়েছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এটি ২০তম আন্তর্জাতিক সম্মান।

*************************

**Amit Shah, Dhalai:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল ধলাই জেলার মাসুরাই পাড়ায় এক জনসভায় ত্রিপুরার জন্য ৬৬৮ কোটি ৩৯ লক্ষ টাকার ১৩টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি বলেন, ২০১৮ সালে বিজেপি নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় আসার পর, ব্রু সম্প্রদায়ের ৪০ হাজার মানুষের সমস্যার সমাধান করেছে। তিনি বলেন, রাজ্যের বিভিন্ন জেলার এগারোটি গ্রামে ব্রু বাসিন্দাদের বসতি স্থাপন করতে সরকার ৯০০ কোটি টাকা ব্যয় করেছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা'র সঙ্গে এই কর্মসূচিতে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা, সাংসদ বিপ্লব কুমার দেব ও কৃতি দেবী দেববর্মাও উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ব্রু সমস্যা নিরসনে বিশেষ ভুমিকা নেওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ প্রকাশ করে। দীর্ঘ দিনের ব্রু রিয়াং শরনার্থীদের সমস্যা নিরসনে এগিয়ে না আসার তৎকালীন বাম সরকারের সমালোচনা করেন তিনি।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

************************

**Bangladeshi Arrested:**

গোপন সূত্রে খবরের ভিত্তিতে গতকাল বিকালে আগরতলা জিআরপি পুলিশ এবং বিএসএফ যৌথভাবে অভিযান চালিয়ে রেলস্টেশন থেকে তিনজন বাংলাদেশী নাগরিককে গ্রেপ্তার করেছে। ঐ তিনজন বাংলাদেশ থেকে অবৈধভাবে রাজ্যে প্রবেশ করে। ট্রেনে বহিরাজ্যে যাওয়ার সময় তাদেরকে আটক করা হয়।

************************

**Bijoy Marchant Trophy:**

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় গতকাল অরুণাচল প্রদেশের বিরুদ্ধে প্রথম দিনেই লিড নিল ত্রিপুরা। কটকে অনুষ্ঠিত খেলার প্রথম দিনে অরুণাচল প্রদেশ প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৫৩ রান করে। জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ৮ উইকেট হারিয়ে প্রথম দিনের শেষে ২৫৪ রান করে।

************************

**Weather:**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আজ দুপুর পর্যন্ত রাজ্যে আকাশ প্রধানত পরিস্কার থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

*************************